“সত্যের সন্ধানে অবিচল”
Noakhali Khabar Express
নোয়াখালী খবর এক্সপ্রেস
NOAKHALI KHABAR EXPRESS
নোয়াখালী
অনলাইন ই-পেপার | NOV সোমবার, ১৬ নভেম্বর ২০২৬ | বর্ষ:-০১,সংখ্যা :-১৪ | noakhalikhabarexpress.com



গোপালগঞ্জ পুলিশের সাঁজোয়া যানের ওপর দাঁড়িয়ে ছাত্রলীগের মিছিল

গোপালগঞ্জে আইন শৃঙ্খলা রক্ষায় ৬ প্লাটুন বিজিবি মোতায়েন



নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

গোপালগঞ্জের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং জননিরাপত্তা নিশ্চিত করতে ৬ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করা হয়েছে।

রোববার (১৫ নভেম্বর) বিজিবি সদর দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং জননিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বিজিবি সদস্যদের মোতায়েন করা হয়েছে।

এতে আরও জানানো হয়, জেলা ম্যাজিস্ট্রেটের চাহিদা ও পরামর্শ অনুযায়ী অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে বিজিবি সদস্যরা তাঁদের ওপর অর্পিত দায়িত্ব পালন করবেন।



সুবর্ণচর চরজুবলি ভূমিহীনদের ইউনিয়ন সম্মেলন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

নোয়াখালীর সুবর্ণচরে খাসজমি বন্দোবস্ত ও ভূমিহীনদের অধিকার প্রতিষ্ঠার দাবিতে ভূমিহীন ইউনিয়ন সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

‘দুনিয়ার মজদুর এক হও, খাসজমি বন্দোবস্ত চাই, ভূমিহীনের অধিকার চাই’—এ স্লোগানকে সামনে রেখে শনিবার (১৪ নভেম্বর) উপজেলার চরজুবলী ইউনিয়নের দক্ষিণ বাগ্যা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ সম্মেলনের আয়োজন করা হয়। বেসরকারি উন্নয়ন সংস্থা ‘নিজেরা করি’ এ সম্মেলনের আয়োজন করে। এতে শত শত ভূমিহীন নারী-পুরুষ ও স্থানীয় বাসিন্দা অংশ নেন।

চরজুবলী ইউনিয়ন ভূমিহীন সংগঠনের সভাপতি মোস্তফা কারীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আবুল কালাম মাস্টারের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন মোস্তফা কারী।

সম্মেলনে বক্তব্য দেন সমাজসেবক ও রাজনীতিবিদ নিজাম উদ্দীন ফারুক, চরজুবলী ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি মোহাম্মদ হেলাল উদ্দিন, স্থানীয় ইউপি সদস্য মঞ্জুর আলম ও আমেনা বেগম, পাংখার বাজার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তার হোসেন বাবুল, ‘নিজেরা করি’র চট্টগ্রাম বিভাগীয় সংগঠক মতিয়ার রহমান এবং কিশোরী আছিয়া।

অনুষ্ঠানের শেষ পর্বে নতুন কমিটির সদস্যদের পরিচিতি তুলে ধরা হয় এবং তাঁদের শপথবাক্য পাঠ করান ‘নিজেরা করি’র চরজব্বর অঞ্চল ও চট্টগ্রাম বিভাগ অঞ্চলের সমন্বয়ক পরিতোষ দেবনাথ।

তিন পর্বের এ আয়োজনের দ্বিতীয় অধিবেশনে সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করা হয়। পরে চরবাগ্যা ভূমিহীন সাংস্কৃতিক দলের পরিবেশনায় গণনাটক মঞ্চস্থ হয়।

সম্মেলন বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করেন ‘নিজেরা করি’র চট্টগ্রাম বিভাগের বিভাগীয় সমন্বয়ক খাইরুল ইসলাম, রামগতি অঞ্চলের অঞ্চল সমন্বয়ক স্বপ্না রানী বিশ্বাস, চরজব্বর অঞ্চলের হিসাবরক্ষক সিরাজুল ইসলাম ও আফরোজা বেগম।



বাংলাদেশের সহযোগিতা সর্বোচ্চ সামর্থ্য কাজে লাগানোর আশ্বাস ---এরদোয়ানের

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

বাংলাদেশের সঙ্গে সহযোগিতা আরও জোরদার করতে তুরস্কের সামর্থ্যের সর্বোচ্চ ব্যবহার করার আশ্বাস দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে তিনি এ আশ্বাস দেন।

গত ১০ নভেম্বর তুরস্কের আন্তালিয়ায় জাতিসংঘের জলবায়ু পরিবর্তনবিষয়ক সম্মেলন কপ-৩১-এর ফাঁকে দুই নেতার এ বৈঠক অনুষ্ঠিত হয়। রোববার (১৫ নভেম্বর) প্রধানমন্ত্রীর তুরস্ক সফর নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বৈঠকের বিভিন্ন বিষয় তুলে ধরেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির।

বৈঠকে বাংলাদেশ ও তুরস্কের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও গভীর করার বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে প্রতিরক্ষা খাতে সহযোগিতা, বিনিয়োগ এবং অর্থনৈতিক সম্পর্ক সম্প্রসারণের বিষয় গুরুত্ব পায়।

এ ছাড়া রোহিঙ্গা সংকট নিয়েও দুই নেতার মধ্যে আলোচনা হয়েছে বলে জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার বিষয়ে তুরস্কের আগ্রহের কথাও বৈঠকে উঠে আসে।

বাংলাদেশ ও তুরস্কের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও এগিয়ে নিতে এ বৈঠক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।



গোপালগঞ্জে নতুন পুলিশ সুপার প্রতুষ কুমার,ফেনীতে যাচ্ছেন হাবিবুল্লাহ

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

গোপালগঞ্জ ও ফেনী জেলার পুলিশ সুপার (এসপি) পদে রদবদল করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ফেনীর বর্তমান পুলিশ সুপার প্রত্যুষ কুমার মজুমদারকে গোপালগঞ্জ জেলার পুলিশ সুপার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে গোপালগঞ্জের বর্তমান পুলিশ সুপার মোহা. হাবিবুল্লাহকে ফেনী জেলায় বদলি করা হয়েছে।

রোববার (১৫ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে জারি করা প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন মন্ত্রণালয়ের উপসচিব তৌহিফ আহমেদ।

প্রজ্ঞাপনে বিসিএস (পুলিশ) ক্যাডারের এই দুই কর্মকর্তাকে তাঁদের বর্তমান কর্মস্থল থেকে বদলি করে নতুন কর্মস্থলে পদায়ন করা হয়েছে।

প্রজ্ঞাপনে আরও উল্লেখ করা হয়েছে

"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

নোয়াখালী

অনলাইন ই-পেপার | NOV | সোমবার, ১৬ নভেম্বর ২০২৬ | দ্বিতীয় পৃষ্ঠা | noakhalikhabarexpress.com



দখল-দূর্ষণে অস্তিত্ব সংকটে বীরেন্দ্র খাল, জলবদ্ধতায় শঙ্কায় চাটখিল- সোনাইমুড়ীর মানুষ

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

নোয়াখালীর চাটখিল ও সোনাইমুড়ী উপজেলার ওপর দিয়ে প্রবাহিত ঐতিহ্যবাহী বীরেন্দ্র খাল এখন দখল ও দূষণের কারণে অস্তিত্ব সংকটে পড়েছে। একসময় কৃষি, সেচ ও পানি নিষ্কাশনের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে ব্যবহৃত এই খালের বিভিন্ন অংশে গড়ে উঠেছে অসংখ্য স্থাপনা। পাশাপাশি বাজারের বর্জ্য ফেলার কারণে খালটির স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে।

স্থানীয়দের অভিযোগ, খালের জায়গা দখল করে কোথাও কোথাও বহুতল ভবনসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ করা হয়েছে। বিশেষ করে সোনাইমুড়ী থেকে দশঘরিয়া বাজার পর্যন্ত খালের দুই পাশের বিভিন্ন স্থানে এসব স্থাপনা গড়ে উঠেছে। এতে খালের স্বাভাবিক প্রশস্ততা কমে যাওয়ার পাশাপাশি পানি প্রবাহও বাধাগ্রস্ত হচ্ছে।

স্থানীয় সূত্রে জানা যায়, মোঘল আমলে ভারতের ত্রিপুরা পাহাড় থেকে নেমে আসা পানি নিষ্কাশন, কৃষিকাজ ও সেচের সুবিধার্থে বীরেন্দ্র খাল খনন করা হয়েছিল। খালটি নোয়াখালী ও কুমিল্লা জেলার বিভিন্ন অংশ দিয়ে প্রবাহিত হয়েছে। একসময় এ খাল এলাকার কৃষি ও পানি ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখত।

বর্তমানে খালের বিভিন্ন অংশে বাজারের ময়লা-আবর্জনা ও বর্জ্য ফেলার কারণে পানি দূষিত হচ্ছে। এতে পরিবেশে দুর্গন্ধ ছড়ানোর পাশাপাশি খালের তলদেশ ভরাট হয়ে যাচ্ছে। বর্ষা মৌসুমে পানি স্বাভাবিকভাবে নিষ্কাশিত হতে না পারায় আশপাশের এলাকায় জলাবদ্ধতা ও বন্যার ঝুঁকি তৈরি হচ্ছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে কৃষি ও মৎস্যসম্পদ।

দশঘরিয়া বাজারের সভাপতি মাহবুব রব্বানী জানান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমানের উদ্যোগে স্থানীয়দের সহযোগিতায় কয়েকবার খালের কিছু অংশ পরিষ্কার করা হয়েছে। কিন্তু এরপরও কিছু অসাধু ব্যবসায়ী খালে ময়লা-আবর্জনা ফেলছেন। ফলে পরিষ্কার-পরিচ্ছন্নতার উদ্যোগ স্থায়ী সুফল বয়ে আনছে না।

স্থানীয় সোমপাড়া কলেজের সাবেক অধ্যক্ষ মহিনউদ্দিন বলেন, কৃষি ও মৎস্যসম্পদের উন্নয়নে খালের ওপর গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ করে পুনঃখনন করা প্রয়োজন। এতে বীরেন্দ্র খালের পুরোনো ঐতিহ্য ফিরিয়ে আনার পাশাপাশি এলাকার পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নতি হবে।

এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান জানান, বীরেন্দ্র খালের ঐতিহ্য ফিরিয়ে আনতে তিনি কাজ করে যাচ্ছেন।

অন্যদিকে সোনাইমুড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা নাসরিন আক্তার জানান, খাল খননের জন্য বর্তমানে তাঁদের কাছে কোনো বরাদ্দ নেই। তবে খালটি পুনঃখননের বিষয়ে পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করা হয়েছে।

স্থানীয় বাসিন্দাদের দাবি, শুধু খাল পরিষ্কার করলেই সমস্যার স্থায়ী সমাধান হবে না। খালের সীমানা নির্ধারণ, অবৈধ দখল উচ্ছেদ, বর্জ্য ফেলা বন্ধ এবং পরিকল্পিতভাবে পুনঃখননের উদ্যোগ নিতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত কার্যকর পদক্ষেপ নিলে বীরেন্দ্র খাল আবারও এলাকার কৃষি, পরিবেশ ও পানি নিষ্কাশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

Noakhali Khabar Express সত্যের সন্ধানে অবিচল



ভাড়া নিয়ে বিরোধ, চলন্ত বাস থেকে ফেলে দুই যাত্রীকে হত্যার অভিযোগ

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

রংপুরের তারাগঞ্জে বাসভাড়া পরিশোধ নিয়ে বিরোধের জেরে চলন্ত বাস থেকে ধাক্কা দিয়ে ফেলে দুই যাত্রীকে হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় আরও একজন আহত হয়েছেন। রোববার (১৫ নভেম্বর) সকাল সোয়া ৮টার দিকে উপজেলার জিগারতল এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত দুই ব্যক্তি হলেন নীলফামারী সদর উপজেলার চড়ারাইখোলা গ্রামের কালু মিয়ার ছেলে মুকুল (৩০) ও একই গ্রামের লোকমানের ছেলে শাকিল (২৮)। তাঁরা দুজনই কুমিল্লার একটি নির্মাণপ্রতিষ্ঠানে শ্রমিক হিসেবে কাজ করতেন। এ ঘটনায় আহত হয়েছেন আতিকুল ইসলাম।

স্থানীয় সূত্র ও প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, কুমিল্লা থেকে জলঢাকাগামী সাইমুম পরিবহনের একটি দূরপাল্লার বাসে ভাড়া পরিশোধ নিয়ে দুই যাত্রীর সঙ্গে বাসের কন্ডাক্টরের কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে বিরোধের জেরে চলন্ত বাস থেকে ওই দুই যাত্রীকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয় বলে অভিযোগ রয়েছে। এতে ঘটনাস্থলেই তাঁদের মৃত্যু হয়। এ সময় আহত হন আতিকুল ইসলাম।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে নিহত ও আহত ব্যক্তিদের উদ্ধার করেন। পরে তাঁদের তারাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

তারাগঞ্জ হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তাফিজুর রহমান জানান, দুই যাত্রী ঘটনাস্থলেই মারা গেছেন। আহত ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িত বাসটি আটক করা হয়েছে।

ময়লার ভাগাড়ে বিপর্যস্ত শল্লা ,স্বাস্থ্য ঝুঁকিতে শত শত পরিবার



নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

নোয়াখালী পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার সংকটে চরম দুর্ভোগে পড়েছেন সদর উপজেলার ধর্মপুর ইউনিয়নের শল্লা গ্রামের বাসিন্দারা। পৌর শহরের ময়লা-আবর্জনা গ্রামের একটি উন্মুক্ত স্থানে ফেলার কারণে দূষিত হচ্ছে পরিবেশ, পুকুর ও মাছের ঘের। ছড়াচ্ছে দুর্গন্ধ, আর ভাগাড়ের ধোঁয়ায় অতিষ্ঠ হয়ে উঠেছে স্থানীয়দের জীবনযাত্রা।

স্থানীয়দের অভিযোগ, ময়লার ভাগাড় থেকে ছড়িয়ে পড়া দুর্গন্ধ, ধোঁয়া ও দূষিত পানির কারণে শিশু থেকে বৃদ্ধ—বিভিন্ন বয়সী মানুষ চর্মরোগ ও শ্বাসকষ্টসহ নানা সমস্যায় ভুগছেন। বর্ষাকালে ভাগাড়ের কালচে পানি আশপাশের ডোবা, নালা, পুকুর ও মাছের ঘেরে ছড়িয়ে পড়ে। অন্যদিকে শুষ্ক মৌসুমে ময়লার স্তূপে আগুন লাগলে ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে পড়ে পুরো এলাকা।

স্থানীয় বাসিন্দাদের ভাষ্য অনুযায়ী, ২০২৩ সালের দিকে শল্লা গ্রামের সমিতির দোকান সড়কসংলগ্ন এলাকায় পৌরসভার বর্জ্য ফেলা শুরু হয়। বর্তমানে সেখানে দুই শতাধিক পরিবারের বসবাস। আশপাশে রয়েছে শিক্ষাপ্রতিষ্ঠান, মসজিদ, পুকুর, ফসলি জমি ও মাছের ঘের। ফলে বর্জ্যের প্রভাব শুধু মানুষের বসতবাড়িতেই সীমাবদ্ধ থাকছে না, ক্ষতিগ্রস্ত হচ্ছে স্থানীয় পরিবেশ ও জীববৈচিত্র্যও।

বাসিন্দা আনোয়ার হোসেন জানান, তাঁর পরিবারের সদস্যদেরও দীর্ঘদিন ধরে চর্মরোগের সমস্যা হচ্ছে। ওষুধ সেবনে সাময়িকভাবে উপশম মিললেও কিছুদিন পর আবার সমস্যা দেখা দেয়।

আরেক বাসিন্দা জামাল উদ্দিন বলেন, ময়লার ভাগাড় স্থাপনের পর থেকেই এলাকার মানুষের দুর্ভোগ বেড়েছে। বিষয়টি নিয়ে একাধিকবার প্রতিবাদ ও আন্দোলন করেও স্থায়ী সমাধান পাওয়া যায়নি।

পরিবেশ বিশেষজ্ঞদের মতে, অপরিকল্পিতভাবে বর্জ্য ফেলার কারণে সৃষ্ট দূষিত তরল আশপাশের জলাশয় ও কৃষিজমিতে ছড়িয়ে পড়তে পারে। এতে পানির গুণগত মান নষ্ট হওয়ার পাশাপাশি মাছ ও জলজ প্রাণীর ক্ষতি এবং জনস্বাস্থ্যের ঝুঁকি তৈরি হয়।

নোয়াখালী পৌরসভার তথ্য অনুযায়ী, প্রতিদিন পৌর এলাকায় প্রায় ৮০ টন বর্জ্য উৎপন্ন হয়। এর মধ্যে গড়ে ৪০ টন বর্জ্য অপসারণ করে ধর্মপুর ইউনিয়নের শল্লা গ্রামের নির্ধারিত স্থানে রাখা হচ্ছে। ২০২২ সালে সেখানে দ্বিতীয় ডাম্পিং স্টেশনের জন্য সাড়ে ১২ একর জমি কেনে পৌর কর্তৃপক্ষ। সেখানে আধুনিক বর্জ্য শোধনাগার নির্মাণের পরিকল্পনা থাকলেও এখনো তা বাস্তবায়িত হয়নি।

নোয়াখালী পৌরসভার নির্বাহী প্রকৌশলী মো. বেলাল আহম্মেদ খান স্থানীয়দের দুর্ভোগের বিষয়টি স্বীকার করেছেন। তিনি জানান, স্থায়ী সমাধানের লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তাব স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বর্জ্য ব্যবস্থাপনার পাশাপাশি সীমানাপ্রাচীর, টেকসই বাঁধ, ড্রেনেজ ব্যবস্থা এবং বর্জ্য থেকে সার উৎপাদনের উদ্যোগ নেওয়া হবে। প্রকল্পে স্থানীয়দের জন্য অস্থায়ী স্বাস্থ্যকেন্দ্রের ব্যবস্থাও রাখা হয়েছে।

তবে প্রকল্প বাস্তবায়নের অপেক্ষায় দিন কাটছে শল্লা গ্রামের বাসিন্দাদের। তাঁদের দাবি, দীর্ঘমেয়াদি পরিকল্পনার পাশাপাশি অবিলম্বে ময়লার দূষণ ও দুর্গন্ধ নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা নিতে হবে। শুধু আশ্বাস নয়, নিরাপদ পরিবেশ ও স্বাভাবিক জীবনযাপনের নিশ্চয়তা চান তাঁরা।



দক্ষিণ আফ্রিকার মাটিতে তাওহীদ হৃদয়ের দূর্দান্ত সেঞ্চুরি

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

দক্ষিণ আফ্রিকার মাটিতে ব্যাট হাতে নতুন ইতিহাস গড়লেন বাংলাদেশের ব্যাটার তাওহীদ হৃদয়। জোহানেসবার্গ টেস্টে ডানহাতি এই ব্যাটার দুর্দান্ত ব্যাটিংয়ে তুলে নিয়েছেন ক্যারিয়ারের দ্বিতীয় টেস্ট সেঞ্চুরি।

ভ্যান প্যাটারসনের বলে চার মেরে ১৯৪ বলে তিন অঙ্কের ঘরে পৌঁছান হৃদয়। এর আগে ৯৭ রানে থাকা অবস্থায় দারুণ এক বাউন্ডারিতে সেঞ্চুরির মাইলফলক স্পর্শ করেন তিনি।উ

সেঞ্চুরি পূর্ণ করার পর হেলমেট খুলে মাঠে চুমু খান হৃদয়। তাঁর অসাধারণ ইনিংসে ড্রেসিংরুমের সতীর্থরাও উঠে দাঁড়িয়ে অভিনন্দন জানান।

এর আগের টেস্টেই ডাবল সেঞ্চুরি করেছিলেন এই বাংলাদেশি ব্যাটার। ধারাবাহিক দুর্দান্ত পারফরম্যান্সে আবারও নিজের সামর্থ্যের প্রমাণ দিলেন তিনি।

হৃদয়ের এই সেঞ্চুরি বাংলাদেশের ক্রিকেটে নতুন এক আনন্দের উপলক্ষ হয়ে উঠেছে।



নোয়াখালী পাসপোর্ট অফিস ঘিরে অনিয়মের অভিযোগ, দালাল চক্রের দৌরাত্ম্যে ব্যাহত হচ্ছে সেবা।

নিজস্ব প্রতিবেদক | Noakhali Khabar Express

নোয়াখালী আঞ্চলিক পাসপোর্ট অফিসে সেবা নিতে গিয়ে ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ আবেদনকারীরা। অফিসকে কেন্দ্র করে সক্রিয় একটি মধ্যস্থতাকারী চক্রের বিরুদ্ধে অতিরিক্ত অর্থ আদায়, বিশেষ পরিচয়ে কাজ করিয়ে দেওয়া এবং সাধারণ আবেদনকারীদের নানা অজুহাতে হয়রানির অভিযোগ উঠেছে।

অভিযোগ রয়েছে, পাসপোর্টের আবেদন জমা থেকে শুরু করে বিভিন্ন প্রক্রিয়া সম্পন্ন করতে অফিসের আশপাশের কিছু কম্পিউটার ও ফটোকপির দোকানের মাধ্যমে যোগাযোগ করতে উৎসাহিত করা হয়। এসব মধ্যস্থতাকারীর মাধ্যমে গেলে নির্ধারিত সরকারি ফির বাইরে অতিরিক্ত অর্থের বিনিময়ে দ্রুত কাজ করে দেওয়ার আশ্বাস দেওয়া হয়।

কয়েকজন সেবাপ্রার্থীর অভিযোগ, সরাসরি আবেদন করতে গেলে নানা ধরনের জটিলতা ও ভুলত্রুটির কথা বলা হয়। অন্যদিকে নির্দিষ্ট ব্যক্তি বা বিশেষ সংকেতের মাধ্যমে যোগাযোগ করলে একই কাজ সহজে সম্পন্ন হওয়ার সুযোগ তৈরি হয়। এ নিয়ে সাধারণ আবেদনকারীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে।

ভুক্তভোগীদের দাবি, পাসপোর্টের সরকারি ফির বাইরে দুই থেকে তিন হাজার টাকা পর্যন্ত অতিরিক্ত অর্থ চাওয়া হচ্ছে। জরুরি প্রয়োজনে পাসপোর্ট করতে আসা অনেকেই বাধ্য হয়ে মধ্যস্থতাকারীদের সহযোগিতা নিচ্ছেন। ফলে সরকারি সেবার পাশাপাশি অতিরিক্ত আর্থিক চাপও বহন করতে হচ্ছে তাঁদের।

নোয়াখালীর বিভিন্ন উপজেলা থেকে প্রতিদিন অসংখ্য মানুষ পাসপোর্ট সংক্রান্ত কাজে এ অফিসে আসেন। তাঁদের মধ্যে অনেকেই সরকারি নিয়মকানুন সম্পর্কে পর্যাপ্ত ধারণা না থাকায় মধ্যস্থতাকারীদের ওপর নির্ভরশীল হয়ে পড়েন বলে অভিযোগ রয়েছে।

তবে এসব অনিয়মের সঙ্গে পাসপোর্ট অফিসের কোনো কর্মকর্তা-কর্মচারীর সংশ্লিষ্টতা রয়েছে কি না, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। অভিযোগগুলোর সত্যতা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।

সচেতন মহলের মতে, পাসপোর্ট একটি গুরুত্বপূর্ণ নাগরিক সেবা। এ সেবা পেতে সাধারণ মানুষকে কোনো মধ্যস্থতাকারীর দ্বারস্থ হতে হলে তা উদ্বেগজনক। তাই অফিসের সেবাপ্রক্রিয়া স্বচ্ছ করা, দালালদের তৎপরতা বন্ধ এবং অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ তদন্ত করা জরুরি।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর নজরদারি ও পদক্ষেপের মাধ্যমে পাসপোর্ট সেবা হয়রানিমুক্ত হবে—এমন প্রত্যাশা সাধারণ সেবাপ্রার্থীদের।

Noakhali Khabar Express সত্যের সন্ধানে